



# বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)



## শোকবার্তা

আমরা অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর যশোর ইউনিট পরিচালনা পর্ষদের সাবেক সভাপতি প্রবীণ আইনজীবী বীর মুক্তিযোদ্ধা কাজী আবদুস শহীদ লাল (৮৪) আজ ভোর ৬টায় যশোর শহরের একটি বেসরকারী হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর এই অকাল মৃত্যুতে ব্লাস্ট পরিবার গভীরভাবে শোকাহত।

এডভোকেট জনাব কাজী আবদুস শহীদ লাল ৬২'র ছাত্র আন্দোলন ও ৬৯'র আইয়ুব বিরোধী আন্দোলন এবং ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তিনি যশোর বারের একাধিকবার সভাপতি ও সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করেন।

তিনি ব্লাস্ট এর যশোর ইউনিটের সভাপতি দায়িত্বকালীন সময়ে দক্ষতার সাথে পালন করেছিলেন। ব্লাস্টের তৃণমূল পর্যায়ে প্রান্তিক জনগোষ্ঠীকে বিনামূল্যে আইনি সহায়তা কার্যক্রমে তাঁর গুরুত্বপূর্ণ পরামর্শ ও অবদান শ্রদ্ধাভরে স্মরণ করি। তিনি সব সময় ন্যায়নিষ্ঠ থেকে আইন পেশায় নিয়োজিত ছিলেন, যা অনুসরণীয় হয়ে থাকবে।

ব্লাস্টের ট্রাস্টি বোর্ডের সদস্য এডভোকেট জেড আই খান পান্না বলেন, "কাজী আবদুস শহীদ সারাজীবন প্রগতিশীল রাজনীতির সাথে যুক্ত ছিলেন। গণতন্ত্র পুনরুদ্ধার ও আইনের শাসন প্রতিষ্ঠার আন্দোলনের সাথে ওতোপ্রোতোভাবে যুক্ত ছিলেন, এবং মৃত্যুর আগ পর্যন্ত একই আদর্শের জন্য লড়াই করেছেন।"

ব্লাস্টের মুখ্য আইন উপদেষ্টা ও অবসরপ্রাপ্ত বিচারপতি মোঃ নিজামুল হক বলেন, "এডভোকেট কাজী শহীদ লাল স্বাধীনতা-পরবর্তী সময়ে এদেশের গণতান্ত্রিক আন্দোলন,



# বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)

## Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

সামরিক আইন-বিরোধী আন্দোলন এবং আইনজীবীদের সামাজিকভাবে অংশগ্রহণের আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।"

ব্লাস্টের সভাপতি ড. কামাল হোসেন বলেন, "ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সুরক্ষা প্রদানে এডভোকেট লাল বারের সভাপতিদের মধ্যে অগ্রণী ভূমিকা পালন করেছেন। অধিকার রক্ষায় বলিষ্ঠ ভূমিকা পালনে তিনি তরুণ আইনজীবীদের উৎসাহ ও প্রেরণা দিয়ে গেছেন।"

আমরা প্রথিতযশা এই আইনজীবীর বিদেহী আত্মার শান্তি কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবারকে আন্তরিক সমবেদনা জানাচ্ছি।

ব্লাস্ট পরিবারের পক্ষ থেকে

বিচারপতি মোঃ নিজামুল হক  
বিচারপতি (অবসরপ্রাপ্ত), আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এবং  
মূখ্য আইন উপদেষ্টা, ব্লাস্ট

সারা হোসেন  
অবৈতনিক নির্বাহী পরিচালক  
ব্লাস্ট